



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 26
Class - 2

Subject : Bengali Grammar
Topic : বোধ - পরীক্ষণ

Date : 16.12.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখো।

এক হরিণ খালে জলপান করতে গিয়ে জলে তার শরীরের ছায়া দেখতে পেল। সেই ছায়া দেখে সে বলল, আমার শিং যেমন মজবুত তেমন সুন্দর। কিন্তু আমার পা দেখতে ভীষণ খারাপ এবং অকর্মণ্য।

এভাবে হরিণ নিজের শরীরের দোষ ও গুণের বিচার করছে। এমন সময় ব্যাধেরা এসে তাকে তাড়া করল। প্রাণভয়ে সে খুব জোরে দৌড়ে পালাল। ব্যাধেরা অনেক পিছনে পড়ে গেল। কিন্তু হরিণ জঙ্গলে ঢোকা মাত্র তার শিং বনের লতায় এমনভাবে জড়িয়ে গেল যে সে আর পালাতে পারল না। ব্যাধেরা তখন তাকে ধরে মেরে ফেলল।

মরবার সময় হরিণ বলল, আমি শরীরের যে অংশকে কদর্য এবং অকর্মণ্য বলেছিলাম, সেই অংশই আমাকে শত্রুর হাত থেকে বাঁচাতে সাহায্য করেছিল। কিন্তু যে অংশকে সুন্দর ও শক্ত বলেছিলাম তারাই আমার মৃত্যুর কারণ হল।

১) হরিণ কোথায় জলপান করতে গিয়েছিল?

উঃ হরিণ একটি খালে জলপান করতে গিয়েছিল।

২) খালের জলে হরিণ কী দেখতে পেল?

উঃ খালের জলে হরিণ তার শরীরের ছায়া দেখতে পেল।

৩) নিজের শরীরের ছায়া দেখে হরিণ কী বলল?

উঃ নিজের শরীরের ছায়া দেখে হরিণ বলল, আমার শিং যেমন মজবুত তেমন সুন্দর কিন্তু আমার পা দেখতে ভীষণ খারাপ এবং অকর্মণ্য।

৪) কারা হরিণকে তাড়া করল?

উঃ ব্যাধেরা হরিণকে তাড়া করল।

৫) হরিণের শরীরের কোন অংশ তাকে শত্রুর হাত থেকে বাঁচতে সাহায্য করেছিল?

উঃ হরিণের শরীরের পা তাকে শত্রুর হাত থেকে বাঁচতে সাহায্য করেছিল।

৬) অর্থ লেখো : কদর্য

কদর্য — অতিশয় নীচ।

৭) শূন্যস্থান পূরণ করো :

হরিণ জঙ্গলে ঢোকা মাত্র তার শিং বনের লতায় জড়িয়ে গেল।

৮) বিপরীত শব্দ লেখো : সুন্দর

সুন্দর — কুৎসিত।

৯) বাক্য রচনা করো : শক্ত

শক্ত — লোহা একটি শক্ত ধাতু।

১০) সমার্থক শব্দ লেখো : জল

জল — বারি।

১১) লিঙ্গ পরিবর্তন করো : হরিণ

হরিণ — হরিণী।

১২) পদ পরিবর্তন করো : অংশ

অংশ — আংশিক।